AQA

# GCSE
# BENGALI

**F**

Foundation Tier Paper 1 Listening Test Transcript

Monday 5 June 2023 Afternoon Time allowed: 35 minutes approximately
(including 5 minutes' reading time before the test)

**FOR INVIGILATOR'S USE ONLY**

**The pauses are pre-recorded for this test**.

This is what you should do for each item.

- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- In **Section A**, answer the questions in **English**. In **Section B**, answer the questions in **Bengali**.
- You must answer **all** the questions in the spaces provided. Do **not** write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- **Ask any questions now. You must not ask questions or interrupt during the test.***
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now**.

Once the test has started, the invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes' reading time, are pre-recorded.

*If candidates ask any questions at this point, the invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

## Section A

Questions and answers in **English**

**0 1** **F1** আজ বিকেলে আমার সাথে দেখা করো। সোয়া তিনটায় স্কুল শেষে সাড়ে তিনটায় বাড়ি ফিরে ঠিক চারটার সময় চলে এসো।

**0 2** **M1** তাহলে আমরা বাড়িতে বা খেলার মাঠে দেখা না করে, পাশের দোকানেই দেখা করবো।

**0 3** **M2** আমাদের বিয়ের অনুষ্ঠানে একটু ভিন্নতা আনতে আত্মীয় আর বন্ধুদের পাশাপাশি গরিব ছেলেমেয়েদেরও দাওয়াত দেওয়া হবে। সেসব ছেলেমেয়েদের এক বেলা ভালো খাবার খাওয়ানোতেই আমাদের আনন্দ।

**0 4** **F2** এই অ্যাপে আপনি গান শোনার সময় গানটির কথাগুলোও পড়তে পারবেন।

**0 5** **F2** এই অ্যাপ আপনার বেছে নেওয়া শব্দের অর্থ খুঁজে দিতে পারবে।

**0 6** **F2** এই অ্যাপ ডাউনলোড করলে আপনি ভাষা শেখার অন্য একটি অ্যাপে ডিসকাউন্ট পাবেন।

**0 7** **M1** করিম, তুমি বাড়ির কাজ এবং বই আনলেও আজ লেসন শুরু হওয়ার পর ক্লাসে গিয়েছো। শোনো সুমন, সামনে তোমার পরীক্ষা, অসুখের কারণে কয়েকটি লেসনে তুমি আসোনি। পড়া এগিয়ে নিতে আজ তোমাকে স্কুলের পরে থাকতে হবে। আর নাজমা, তোমার লেখাপড়া ও স্কুলের ইউনিফর্ম ঠিক থাকলেও আজ তুমি মনে করে পি ই লেসনের জুতো আনোনি।

**0 8** **F2** আপনি আমাদের এখানকার ঝলসানো মুরগি খেতে পারেন। এটি বেশ মশলাদার। আর মাছ খেতে চাইলে আজকের দিনের বিশেষ খাবার সরিষা মাখানো ইলিশ নিতে পারেন।

**0 9** **M2** এবারের ঘুড়ি উৎসবে আকাশে উড়বে নানা রঙের ঘুড়ি। উৎসবে নীল, সবুজ এসব রঙের চেয়ে লাল ঘুড়ি বেশি দেখা যায়।

**1 0** **M2** অন্যদের ঘুড়ি কাটার জন্য সুতায় কাঁচের গুড়ো লাগানো হবে। রঙিন সুতায় উড়তে থাকা ঘুড়িগুলো কাটাকাটি খেলবে আকাশে।

**1 1** **M2** সারাদিন নানা ধরনের খাবার খেয়ে ঘুড়ি ওড়ানোর উৎসব শেষ হবে আতশবাজি পুড়িয়ে।

**1 2** **F1** আমি মুনিরা। আমার ভাই আলম। সে সকালের নাশতায় রুটি, ভাজি, ফলের রস এসব অনেক কিছু খায়। আমি নাশতা সারি হাল্‌কা কিছু খেয়ে।

**1 3** **F1** আমি নাশতায়, দুপুর বা রাতের খাবারে মাংস খাই না বললেই চলে। কিন্তু প্রতিদিন দুপুরের খাবারে আমার ভাইয়ের সেটা থাকতেই হবে।

**1 4** **F1** সকাল, দুপুর বা বিকেলে বাসার কেউ কেউ টাটকা ফল খেলেও আমি শুধুমাত্র রাতেই তা খাই।

**1 5** **M1** রিসাইকেল করতে গিয়ে আমাদের সবচেয়ে ঝামেলা হয় কাগজের প্যাকেটে লেগে থাকা খাবার আলাদা করা। কাঁচ, কাগজ এসব বাছাই করার সময় পাওয়া ছেঁড়া জুতোগুলো সারিয়ে আমরা বিলিয়ে দেই।

**1 6** **F1** সিলেট শহরের সব এলাকাতেই কম-বেশি সুবিধা-অসুবিধা থাকলেও সম্প্রতি এই এলাকায় গড়ে ওঠা আধুনিক দোকানপাটের কারণে লোকজন বাড়তি সুবিধা পাচ্ছেন। তবে নানা রকম উন্নয়ন ও সুযোগ সুবিধার ফলে বাড়ি ভাড়া বেড়ে যাওয়ায় এই এলাকায় থাকা খুব সহজ না।

**1 7** **M2** ব্যস্ত জীবনযাপনের সাথে সাথে এলাকায় অপরাধের সংখ্যা বাড়ার ফলে লোকজনের দুশ্চিন্তাও বেড়ে গেছে। অবশ্য এলাকাবাসীরা একে অপরের সাহায্যে এগিয়ে আসে।

**1 8** **F2** আজকাল প্রযুক্তির ব্যবহার ছাড়া আমি অনেক কিছু করার কথা ভাবতেই পারি না। এই তো যেমন আজ আমার সময় কাটছে অনলাইনে প্রিয় শিল্পীর সঙ্গীতানুষ্ঠান দেখে। সেদিন আগামী ছুটিতে কোথায় বেড়াতে যাবো, কী করবো, এসব ইন্টারনেটে খুঁজে দেখে ঠিক করেছিলাম। আবার স্কুলের বাংলা বিষয়ে বাড়ির কাজের জন্য ইন্টারনেট থেকে কিছু দরকারি শব্দ খুঁজে নেওয়ার পরিকল্পনাও আমার আছে।

**1 9** **F1** আমি তাসনিম। আমি দূরে গ্রামের দিকে বেড়াতে চাই। সেখানে জিনিসের দাম সস্তা আর টাটকা মাছ খাওয়া যায়।

**M1** আমি আলামিন, সাঁতার শেখাই। তবে সাঁতার শেখাতে নয়, আমার উপভোগের জন্যই বেড়ানোর জায়গায় সাঁতারের ব্যবস্থা চাই।

**F2** রুনু বলছি। খরচ নিয়ে ভাবি না, তবে বেড়ানোর জায়গায় আমার মাছ ধরার সুযোগ পেলে খুব ভালো হয়।

**2 0** **M1** এবারের ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনে আমরা স্কুলের করিডোরের জন্য একটি দেয়ালিকা বানাচ্ছি। আমরা ঠিক করেছি আগামী বছর স্কুলে একটি প্রদর্শনীর ব্যবস্থা করবো। গতবারে শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানানোও সফল হয়েছিলো।

## Section B

Questions and answers in **Bengali**

**2 1** **F2** এবার বলছি আইজ্যাক বারীর কথা। সে এক বিস্ময়কর বাঙালি ছেলে। তাঁর জন্ম ২০১২ সালে। ২০১৮ সালে হার্ভার্ড ইউনিভার্সিটি তাঁকে স্বীকৃতি দিয়েছে একজন বিজ্ঞানী ও অধ্যাপক হিসেবে। অঙ্ক আর বিজ্ঞানে তাঁর জ্ঞান অসাধারণ। তিনি 'দ্য লাভ' নামে একটি বই লিখে অনেকের প্রশংসা কুড়িয়েছেন। এই বইয়ে বিশ্বে শান্তি ফিরিয়ে আনার জন্য তিনি মানুষকে সচেতন হওয়ার কথা বলেছেন।

**2 2** **M2** আমি মিস্টার আহমেদ। যেসব খাবার আমাদের পছন্দ, তাতে পিৎজা হলো প্রথম স্থানে। পিৎজার স্বাদ ভালো লাগার কারণ এতে ব্যবহার করা চর্বি আর লবণ। স্বাদ বাড়ায় এরকম আরেকটি উপাদান হলো চিনি। বিভিন্ন ফলে অনেক চিনি আছে।

**F1** আমি মিসেস রহমান। সব ফলেই চিনি আছে, তবে চর্বি ও লবণ নেই বললেই চলে। অবশ্য যেসব ফল শরীরে ধীরে ধীরে চিনি সরবরাহ করে, শুধু সেগুলোই শরীরের জন্য ভালো। তাই ফল হিসেবে তরমুজের চেয়ে কলা ভালো। তবে চিনিযুক্ত 'এনার্জি' পানীয়গুলো এড়িয়ে চলা উচিত।

**2 3** **M1** আমার একটি খামারবাড়ি আছে। বছরে বেশ কয়েক মাস আমি বাড়ি ছেড়ে খামারবাড়িতে থাকি। খামারে অনেকগুলো গরু আছে, রোদ-বৃষ্টিতে কষ্ট করে সেগুলোর দেখাশোনা করি। সময় অসময়ে রোদ-বৃষ্টির কারণে ফসলের ক্ষতিতে বেশি সমস্যা হয়। তবে খামারবাড়ি থেকে বাইরে বৃষ্টি দেখতে ভালোই লাগে।

**END OF TEST**

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is published after each live examination series and is available for free download from www.aqa.org.uk.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team.

Copyright © 2023 AQA and its licensors. All rights reserved.